

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৪৭৭

১২. কিতাবুস সিয়াম (کتاب الصوم)

পরিচ্ছেদঃ এই হাদীসটি আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু ফযল বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহু থেকে শ্রবণ করেছেন মর্মে বর্ণনা

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ أَبَا هُرَيْرَةَ سَمِعَ هَذَا الْخَبَرَ مِنَ الْفَضْلِ بْنِ الْعَبَّاسِ

আরবী

3477 _ أَخْبُرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ خُزَيْمَةَ قَالَ: حَدَّثَنَا بُنْدَارٌ قَالَ: حَدَّثَنَا يَحْيَى عَنِ ابْنِ جُرَيْجِ قَالَ: حَدَّثَنِي عَبْدُ الْمَلِك بْنِ أَبِي بَكْرِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ الْحَارِث بْنِ هِشَامٍ عَنْ أَبِيهِ أَنَّهُ سَمِعَ أَبَا هُرَيْرَةَ يَقُولُ: مَنْ أَصِبْحَ جُنباً فَلَا يَصِومُ قَالَ: فَانْطَلَقَ أَبُو بَكْرٍ وَأَبُوهُ حَتَّى دَخَلَا عَلَى أُمِّ سَلَمَةَ وَعَائِشَةَ فَكِلاهُما قَالَتْ: كَانَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم يُصبِحُ جُنُباً ثُمَّ يَصُومُ فَانْطَلَقَ أَبُو بَكْرٍ وَأَبُوهُ حَتَّى أَتَيَا مَرْوَانَ فحدَّناهُ فَقَالَ: عَزَمْتُ عَلَيْكُمَا لَمَّا انْطَلَقْتُمَا إِلَى أَبِي هُرَيْرَةَ فحدَّثتماهُ فَانْطَلَقَا إِلَى أَبِي هُرَيْرَةَ فحدَّثاهُ عَلَى أَمُ الْفضل بن العباس فَقَالَ: هُمَا أَعْلَمُ أَخْبُرنَا به الفضل بن العباس الراوي: أَبُو هُرَيْرَةَ ا المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3477 | خلاصة حكم المحدث: صحيح: ق.

বাংলা

৩৪৭৭. আবৃ হ্রাইরা রাদ্বিয়াল্লাহ্ আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "যে ব্যক্তি জুনুবী অবস্থায় ভোর করবে, সে যেন সিয়াম না রাখে।" অধঃস্তন রাবী বলেন, "এরপর আবৃ বকর ও তার বাবা আয়িশা রাদ্বিয়াল্লাহ্ আনহা ও উন্মু সালামাহ রাদ্বিয়াল্লাহ্ আনহার কাছে আসেন। অতঃপর তারা দুইজনই বলেন, "রাসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লাম জুনুবী অবস্থায় ভোর করেছেন। তারপর তিনি সিয়াম রেখেছেন।" তারপর আবৃ বকর ও তার বাবা মারওয়ানের কাছে আসেন এবং তার কাছে হাদীসটি বর্ণনা করেন। তখন তিনি বলেন, "আমি আপনাদের দুইজনকে তাকীদ দিচ্ছি যে, আপনারা আবৃ হুরাইরা রাদ্বিয়াল্লাহ্ আনহুর কাছে যান এবং তার কাছে হাদীসটি বর্ণনা করেন।" অতঃপর তারা আবৃ হুরাইরা রাদ্বিয়াল্লাহ্থ আনহুর কাছে যান এবং তার কাছে হাদীসটি বর্ণনা করেন।



তখন তিনি বলেন, "আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা ও উম্মু সালামাহ রাদ্বিয়াল্লাহু আনহা এই ব্যাপারে বেশি অবগত। আমাদেরকে ফযল বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমা হাদীসটি বর্ণনা করেছিলেন।"[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ১১০৯; নাসাঈর বরাতে তুহফাতুল আহওয়াযী: ১২/৩৪১; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৭৩৯৮; সুনান বাইহাকী: ৪/২১৪-২১৫; মুয়াত্তা ইমাম মালিক: ১/২৯০; সহীহুল বুখারী: ১৯২৫; মুশকিলুল আসার: ৫৩৫; শারহু মাআনিল আসার: ২/১০২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ৩৪৭৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন